

তারিখ: ২১ অক্টোবর, ২০১৭

সংবাদ বিজ্ঞপ্তি

ঢাকা কমার্স কলেজে

জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠার রজতজয়ন্তী পালিত

অদ্য ২১ অক্টোবর, ২০১৭ জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার রজতজয়ন্তী উপলক্ষে ঢাকা কমার্স কলেজের
বর্ণাচ্য অনুষ্ঠানমালার আয়োজন করে। অনুষ্ঠানমালার মধ্যে ছিল:

১. সকাল ১০:০০ টায় বেলুন ওড়ানোর মধ্য দিয়ে অনুষ্ঠানমালার উর্বেশন ঘোষণা করেন ঢাকা কমার্স
কলেজের অধ্যক্ষ প্রফেসর মোঃ আবু সাইদ, উপাধ্যক্ষ প্রশাসন প্রফেসর মোঃ শফিকুল ইসলাম ও
উপদেষ্টা একাডেমিক প্রফেসর মোঃ মোজাহার জামিল।
২. তারপর কলেজ ক্যাম্পাসে শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে বর্ণাচ্য শোভাযাত্রা
অনুষ্ঠিত হয়। শোভাযাত্রায় শিক্ষার্থীরা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২৫ বছরের গৌরবগাথা সম্পর্ক
ব্যানার ও প্ল্যাকার্ড বহন করে।
৩. জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ২৫ বছর উপলক্ষে ২৫ পাউন্ড ওজনের একটি সুবিশাল কেক কাটা
হয়। কলেজের অধ্যক্ষ, উপাধ্যক্ষ, উদ্যাপন কমিটির আহবায়ক অধ্যনীতি বিভাগের চেয়ারম্যান জনাব
মোঃ ওয়ালী উল্যাহ ও শিক্ষকবৃন্দ আনন্দধন পরিবেশে কেক কেটে অনার্স-মাস্টার্স ও বিবিএ শ্রেণির
শিক্ষার্থীদের খাইয়ে দেন।
সবশেষে ঢাকা কমার্স কলেজের অধ্যক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের সাফল্য কামনা করে এবং সবাইকে
ধন্যবাদ জানিয়ে উদ্যাপন অনুষ্ঠানমালার সমাপ্তি ঘোষণা করেন।

গুরু

অধ্যক্ষ

ঢাকা কমার্স কলেজ